# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 24-03-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ রাজ্যসভায় পশ্চিম এশিয়ার সংঘাত নিয়ে বক্তব্য রাখবেন।

পশ্চিম এশিয়ায় এই সঙ্কটজনক পরিস্থিতিতে বিদেশে বসবাসকারী ভারতীয়দের নিরাপত্তাই সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার বলে প্রধানমন্ত্রী জানিয়েছেন ।

২/ কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, সরকারের সার্বিক উদ্যোগে দেশের কৃষকদের রোজগার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে।

৩/ পশ্চিমবঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ধাপে ধাপে আরও প্রায় ১ হাজার ৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে আসবে।

৪/ আজ বিশ্ব যক্ষ্মা প্রতিরোধ দিবস। এই উপলক্ষ্যে বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং কেন্দ্র ও রাজ্য সরকার যক্ষ্মা মুক্ত ভারত গঠনে নানা কর্মসূচী নিয়েছে।

৫/ জাতীয় ইনডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ আজ ভুবনেশ্বরে শুরু হয়েছে।

ooooooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিম এশিয়ার সংঘাতের মধ্যেই ভারত, সম্পর্কের উন্নয়ন, সিদ্ধান্ত গ্রহণ এবং জরুরী পরিস্থিতি মোকাবিলায় নিজের দক্ষতা প্রমাণ করেছে। নতুন দিল্লীতে গতসন্ধ্যায় এক বেসরকারি সংবাদমাধ্যম আয়োজিত শিখর সম্মেলনে শ্রী মোদী বলেন, ফেব্রুয়ারির ২৮ তারিখ থেকেবিশ্বব্যাপী এই অস্থিরতার মধ্যেও ভারত

আত্মবিশ্বাসের সঙ্গে উন্নয়নের প্রতি দায়বদ্ধতার মনোভাব নিয়ে এগিয়ে চলেছে। সংঘাতের মত কঠিন এই পরিস্থিতিতে ভারত কোনোরকম চ্যালেঞ্জ এড়িয়ে না গিয়ে তাকে সামনাসামনি গ্রহণ করেছে। গোটা বিশ্ব ভারতের এই উদ্যোগকে স্বীকার করেছে বলে তিনি জানান।

(বাইট- মোদী সামিট)

শ্রী মোদী আরও বলেন, সংকটজনক এই পরিস্থিতিতে বিদেশে বসবাসকারী ভারতীয়কে নিরাপদে রাখাই এখন সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। গোটা বিশ্ব সব পক্ষকে অবিলম্বে সংঘাত নিরসনের আহ্বান জানিয়েছে। ভারতও সবপক্ষকে সংযম বজায় রেখে চলার আবেদন জানিয়েছে।

প্রধানমন্ত্রী আজ বিকেলে রাজ্যসভায় এবিষয়ে বক্তব্য রাখবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় কৃষি মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, কেন্দ্রীয় সরকারের সার্বিক উদ্যোগের ফলে দেশের কৃষকদের রোজগার উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। লোকসভায় আজ প্রশ্নোত্তরকালে এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে শ্রী চৌহান বলেন, কৃষকদের উপার্জন শুধু দ্বিগুণই হয়নি, কোনও কোনও ক্ষেত্রে তা তিনগুণ, এমনকি আটগুণও বৃদ্ধি পেয়েছে। তিনি বলেন, বর্তমানে কৃষিক্ষেত্রে বাজেট বরাদ্দের পরিমাণ, পূর্বের প্রায় ১৯ হাজার ৩০৬ কোটি টাকা থেকে বেড়ে ১ লক্ষ ৩০ হাজার কোটি টাকারও বেশি হয়েছে।
অন্য আরেকটি প্রসঙ্গে তিনি বলেন, দেশের শস্যদানার উৎপাদন ২০১৪ সালে থেকে ৪৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

(Byte - Shivraj Singh Chouhan)

মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধির আওতায় এখন কৃষকদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে বার্ষিক ৬ হাজার টাকা অর্থ সহায়তা সরাসরি পৌঁছে দেওয়া হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দেশের সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করতে কেন্দ্রীয় সরকার গত পাঁচ বছরে ৫ লক্ষ কোটি টাকা বরাদ্দ করেছে। লোকসভায় আজ এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে কেন্দ্রীয় সমবায় প্রতিমন্ত্রী কৃষাণ পাল গুর্জর এ-কথা জানিয়ে বলেন, এর আগে ১৯৬৩ থেকে ২০১৪ সাল পর্যন্ত সমবায় ক্ষেত্রের উন্নয়নে জাতীয় সমবায় উন্নয়ন নিগম মাত্র ৫০ হাজার কোটি টাকা বরাদ্দ করেছিল। শ্রী পাল বলেন, মোদী সরকারের আমলে দেশের কৃষকদের স্বার্থই প্রধান অগ্রাধিকার। সে-জন্য এই প্রথমবার, সমবায় চিনিকলগুলির উন্নয়নে সরকার ১০ হাজার কোটি টাকার একটি তহবিল চালু করেছে বলে মন্ত্রী উল্লেখ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কয়লা ও খনিমন্ত্রী জি কিষাণ রেড্ডি ক্রিটিক্যাল ও স্ট্র্যাটেজিক মিনারেল ব্লকের সপ্তম দফার নিলামের সূচনা করেছেন। বিভিন্ন রাজ্যের ১৯-টি ব্লকে খনিজ ক্ষেত্রে পরিচ্ছন্ন জ্বালানি, অত্যাধুনিক প্রযুক্তি, সার ও প্রতিরক্ষা খাতে উন্নয়নে এই নিলাম হবে।

শ্রী রেড্ডি গতকাল নতুন দিল্লিতে জাতীয় জেলা মিনারেল ফাউন্ডেশন DMF -এর শীর্ষ সম্মেলনে খনিজ ক্ষেত্রে আত্ম নির্ভরতা অর্জনের ওপর গুরুত্ব দেন। তিনি বলেন, ক্রিটিক্যাল মিনারেল বা গুরুত্বপূর্ণ খনিজ পদার্থগুলি দেশের উন্নয়ন, পরিবেশের ভারসাম্য রক্ষা এবং প্রযুক্তিগত অগ্রগতির জন্য বিশেষ প্রয়োজনীয়। DMF কর্মসূচীর আওতায় নিলাম প্রক্রিয়া সফলভাবে রূপায়িত হলে খনিজ ক্ষেত্রে দ্রুত উন্নয়ন সম্ভবপর এবং সুসংহত বিকাশও তরান্বিত হবে বলে তিনি আশা প্রকাশ করেন। সরকার ও বে-

সরকারী ক্ষেত্রের মধ্যে সুসমন্বিত উদ্যোগ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর জোর দেন তিনি।

(বাইট – রেড্ডি)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভায় আজ অর্থ বিল, ২০২৬ নিয়ে আলোচনা শুরু হবে।গতকাল বিলটি পেশ করেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ।

এছাড়াও, টান্সজেন্ডার পার্সন সংশোধনী বিল আজ লোকসভায় পেশ করবেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রী ড: বীরেন্দ্র কুমার।

রাজ্যসভায় আজ ২০২৬ এর ব্যয় বরাদ্দ বিল নিয়ে আলোচনা হবে। গত সপ্তাহে লোকসভায় বিলটি পাশ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণ আজ ভারতীয় রেলের পাঁচটি সংস্কার কর্মসূচী ঘোষণা করেছেন। নতুন দিল্লীতে ৫২ সপ্তাহ ধরে ৫২ টি সংস্কার মূলক কর্মসূচী গ্রহণ করা হবে বলে জানান তিনি। সাংবাদিক বৈঠকে শ্রী বৈষ্ণ বলেন, ট্রেনের টিকিট ক্যান্সেলেসান, রিফান্ড, বোর্ডিং পরিবর্তন সহ বেশ কিছু ক্ষেত্রে সংস্কার করেছে রেল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সড়ক পরিবহন ও মহাসড়কমন্ত্রী নিতিন গড়কড়ি বলেছেন, সরকারি সম্পদের বিকেন্দ্রীকরণ একটি গণতান্ত্রিক প্রক্রিয়ায় সাধারণ মানুষের কল্যানে অত্যন্ত প্রয়োজনীয়। তিনি আজ NHAI-এর উদ্যোগে ঘঠিত রাজমার্গ ইনফ্রা ইনভেসমেন্ট ট্রাস্টের উদ্বোধন করে বলেন , এটি বোম্বে স্টক এক্সচেঞ্জ-এর অন্তর্ভুক্ত হওয়ায় বিনিয়োগকারীদের মধ্যে বিশেষ সাড়া পড়েছে। উল্লেখ্য, ইনফ্রা ইনভেসমেন্ট ট্রাস্ট আজই BSE তালিকাভুক্ত

হয়েছে। মন্ত্রী আরো বলেন, ২০১৪ সাল থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার দেশের পরিকাঠামো উন্নয়নে একাধিক উদ্যোগ নিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, **২৯শে মার্চ রবিবার**, আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩২-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

*'মন কি বাত'- এর জন্য এবারও সাধারণ মানুষের পরামর্শ, বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বার্তা পাঠানো যাবে, MyGov Open Forum, Narendra Modi App, কিংবা 1800-11-7800 টোল ফ্রি নম্বর-এ ।*

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচন অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ করতে ধাপে ধাপে আরও প্রায় ১ হাজার ৯২০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে আসবে। এর মধ্যে, সি এ পি এফ, ইন্ডিয়ান রিজার্ভ ব্যাটেলিয়ন এবং ভিন রাজ্যের সশস্ত্র বাহিনী রয়েছে। ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী আগামী ৩১ মার্চের মধ্যেই এসে পৌঁছাবে। ভোটারদের মনোবল বাড়াতে ও আইন-শৃঙ্খলা জনিত অন্যান্য কাজের জন্য ইতোমধ্যে চারশো ৮০ কোম্পানি কেন্দ্রীয়

বাহিনী রাজ্যে মোতায়েন করা হয়েছে। আরো ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এলে বিভিন্ন জেলা ও পুলিশ কমিশনারেট কি ভাবে তাদের মোতায়েন করবে তার চূড়ান্ত রূপরেখা তৈরি করতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এর পৌরহিত্যে বিশেষ পুলিশ পর্যবেক্ষক N K Mishra এবং রাজ্য পুলিশের নোডাল অফিসার ADG (লিগাল) Anand Kumar এর উপস্থিতিতে জয়েন্ট ফোর্স ডিপ্লয়মেন্ট কমিটির বৈঠক হয়। সেখানে গৃহীত সিদ্ধান্ত অনুসারে কলকাতায় সর্বাধিক ৬০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। এরপরই পূর্ব মেদিনীপুরে ৪৮ কোম্পানি এবং সবচেয়ে কম বিধাননগর পুলিশ কমিশনারেট এলাকায় ১১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী পাঠানো হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জানান হয়েছে।

উল্লেখ্য, এই ৩০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এরাজ্যে এলে রাজ্যে মোট কেন্দ্রীয় বাহিনী সংখ্যা হবে ৭৮০ কোম্পানি।

এদিকে, অত্যাবশক পরিষেবায় যুক্ত অনুপস্থিত ভোটারদের সংশ্লিষ্ট ফর্ম বিলির বিষয় নিয়ে বিভিন্ন বিভাগে রাজ্যের নোডাল অফিসারদের সঙ্গে সমন্বয় সাধনের জন্য ইতোমধ্যে একটি মিটিং অনুষ্ঠিত হয়েছে। কোন কোন পরিষেবাকে অত্যাবশ্যক হিসাবে ধরা হচ্ছে তার বিস্তারিত বিবরণও উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooooooooo

তামিলনাড়ুতে DMK নেতৃত্বাধীন সেকুলার প্রোগ্রেসিভ আলাইন্সদের শরিকদের মধ্যে এখনো আসন বন্টন চূড়ান্ত হয়নি। তবে, CPIM-এর রাজ্য সম্পাদক পি শম্ভুগম জানিয়েছেন DMK-এর সঙ্গে তাদের ৫টি আসনে রফা চূড়ান্ত হয়েছে।

রাজ্যে VCK এবং নাক্কাল নিধি মায়ামের মধ্যে আসন বন্টন চূড়ান্ত হয়নি। অভিনেতা-রাজনীতিবিদ প্রয়াত বিজয়কান্তের প্রতিষ্ঠিত দল DMDK এবং DMK-এর নেতৃত্বাধীন জোটের মধ্যে আসন বন্টন নিয়ে এখনো আলোচনা হয়নি।

ooooooooooooooooooooo

হিমাচল প্রদেশ বিধানসভায় ভ্যালু অ্যাডেড ট্যাক্স বা মূল্য সংযোজিত কর সংক্রান্ত সংশোধনী বিল পাশ হয়েছে। এর ফলে রাজ্য সরকার পেট্রোল ও হাই স্পীড ডিজেলের ওপর প্রতি লিটারে ৫ টাকা পর্যন্ত সেজ ধার্য করতে পারবে। প্রস্তাবিত এই লেভিতে অনাথ ও বিধবাদের সেজ হিসাবে উল্লেখ করা হয়েছে। বিরোধীদের তুমুল হই হট্টগোল ও সভার অধিবেশন বয়কটের মধ্য দিয়েই বিলটি গৃহীত হয়। মুখ্যমন্ত্রী সুখবীর সিং সুকু এই সিদ্ধান্তের পক্ষে জোরালো সওয়াল করে বলেছেন, সরকার এক্ষেত্রে যথেষ্ট নমনীয় দৃষ্টিভঙ্গী গ্রহণ করেছে।

অন্যদিকে বিরোধী বিজেপি এই বিলকে জনস্বার্থ বিরোধী বলে অভিহিত করেছে।

ooooooooooooooooooooooooooo

ভারতের ড্রাগস কন্ট্রোলার ওজন কমানোর নিষিদ্ধ ওষুধগুলির বিক্রি ও প্রচারে নজরদারি আরো জোরদার করার সিদ্ধান্ত  নিয়েছে।

বাজারে খুচরো ফার্মেসি , অনলাইন প্লাটফর্ম, পাইকারি বিক্রেতাদের মাধ্যমে এই ধরণের ওষুধ সহজে পাওয়া যাচ্ছে বলে তারা উদ্বেগ প্রকাশ করেছে।  স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রক জানিয়েছে এই ধরণের ওষুধগুলি চিকিৎসকদের পরামর্শ ছাড়া ব্যবহার করলে গুরুতর পার্শ্বপ্রতিক্রিয়া দেখা যেতে  পারে।

এই পরিস্থিতিতে ভারতের ড্রাগস কন্ট্রোলার, রাজ্য নিয়ন্ত্রক সংস্থাগুলির সঙ্গে একযোগে নিষিদ্ধ ওষুধের বিক্রি এবং ব্যবহার প্রতিহত করতে উদ্যোগী হয়েছে।

ooooooooooooooooooooooooooo

আজ বিশ্ব যক্ষা দিবস। মাইকোব্যাকটেরিয়াম টিউবারকিউলোসিস নামক জীবাণু দ্বারা সংক্রমিত এই রোগ সম্পর্কে সচেতনতা বাড়াতে ২৪ শে মার্চ দিনটি উদযাপন করা হয়। সারা পৃথিবীতেই এই রোগ একসময় মহামারির আকার ধারণ করেছিল। বিশ্ব স্বাস্থ্য

সংস্থা এবং কেন্দ্র ও রাজ্য সরকার  যক্ষ্মা মুক্ত ভারত গড়তে বর্ষব্যাপী নানা কর্মসূচি হাতে নিয়েছে।

রাষ্ট্রপতি দ্রউপদি মুরমু জোর দিয়ে বলেছেন, যক্ষ্মা রোগ আজও জন স্বাস্থ্য ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ এবং বিশ্বের কয়েক লক্ষ মানুষ এর ফলে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।বিশ্ব যক্ষ্মা দিবসের প্রাক্কালে এক বার্তায়  তিনি গতকাল বলেন, যক্ষ্মা মুক্ত ভারত অভিযানে  সাম্প্রতিক কয়েক বছরে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।

এর ফলে দ্রুত রোগ নির্ণয় , বিনামুল্যে চিকিৎসা সুনিশ্চিত করা , পুষ্টিগত সহায়তা এবং রোগী পরিষেবা আরও উন্নত করা সম্ভব হয়েছে।এই প্রসঙ্গে তিনি জাতীয় যক্ষ্মা নির্মূল করণ কর্মসূচীর কথাও উল্লেখ করেন। যক্ষ্মা রোগ চিরতরে নির্মূল করার লক্ষ্যে সঙ্ঘবদ্ধ ভাবে কাজ করার জন্যে সংশ্লিষ্ট সব পক্ষকে আর্জি জানান তিনি।

oooooooooooooooooooooooooooo

কলোম্বিয়ায় গতকাল একটি সেনাবাহিনী পরিবাহী বিমান ভেঙে পড়ে মৃত ৬৬ জন। ১২ জনের বেশি আহত। পুয়েত্রো লেগুইজামো থেকে উড়ানের সময় ১২৮ জন আরোহী সহ বিমানটি ভেঙে পড়ে। অন্য শহরে সেনাবাহিনী স্থানান্তরের সময় বিপত্তি ঘটে। এর মধ্যে ১১৫ জন সেনাবাহিনীর, ১১ জন ক্রু সদস্য ও ২ জন পুলিশ রয়েছেন। ঘটনাস্থল থেকে ৫৭ জনকে উদ্ধার করা হয়েছে বলে জানান সেনাবাহিনী জেনারেল হুগো অ্যালেজান্দ্রো লোপেজ। ৪ জন সেনাবাহিনীর সদস্য এখনো পর্যন্ত নিখোঁজ।

oooooooooooooooooooooooooo

পশ্চিম এশিয়ার জন্য এয়ার ইন্ডিয়া ও এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস যৌথ ভাবে ২৪ টি বিমান পরিচালনা করবে। এয়ারলাইন্সের তরফে একটি বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, জেদ্দা ও ভারতের মধ্যে  ১০ টি উড়ান নির্ধারিত সূচী মেনেই চলবে। এছাড়াও এয়ার ইন্ডিয়া পশ্চিম এশিয়ায় বর্তমান পরিস্থিতিতে দিল্লী থেকে একটি ও মুম্বই থেকে দুটি ফিরতি

বিমানের ব্যবস্থা করেছে। হায়দ্রাবাদ ও কোরিকোড় থেকে এয়ার ইন্ডিয়া এক্সপ্রেস একটি করে বিমান চালাবে। সংযুক্ত আরব আমিরশাহী থেকে যাতায়াতের জন্য নির্ধারিত সূচী ছাড়াও ১০ টি অতিরিক্ত উড়ান পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে এই এয়ারলাইন্স দুটি।

oooooooooooooooooooooooooo

মার্কিন যুক্তরাষ্টের টেক্সাসে পোর্ট আর্থারে ভালেরো এনার্জি শোধনাগারে গতকাল এক ভয়াবহ বিস্ফোরণ ঘটে। এরফলে স্থানীয় অঞ্চলের বাসিন্দাদের নিরাপদ স্থানে সরিয়ে আনা হয়েছে। দমকল বাহিনী ঘটনাস্থলে পরিস্থিতি নিয়ন্ত্রণ করছে। শোধনাগারটির নিকটবর্তী স্টেট হাইওয়ে এড়িয়ে চলার নির্দেশ দেওয়া হয়েছে। হতাহতের কোনো খবর নেই।

উল্লেখ্য, ভালেরো পোর্ট আর্থার শোধনাগারটি মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম বৃহত্তম শোধনাগার। এখানে প্রতিদিন ৪ লক্ষ ৩৫ হাজার ব্যারেল জ্বালানি উৎপাদন করা হয়।

ooooooooooooooooooooooooooo

প্রথম জাতীয় ইনডোর অ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ ভুবনেশ্বরের কলিঙ্গ স্টেডিয়ামে আজ শুরু হয়েছে। পুরুষদের ৩,০০০ মিটার দৌড় দিয়ে প্রতিযোগিতা শুরু হয়েছে।

দুই দিনব্যাপী এই প্রতিযোগিতায় ৯৭ জন মহিলা-সহ মোট ২৭৮ জন প্রতিযোগী অংশ নিচ্ছেন। সিনিয়র ও অনূর্ধ্ব-২০ উভয় বিভাগেই প্রতিযোগিতা হবে। ভারতের ইনডোর অ্যাথলেটিক্সকে শক্তিশালী করতে এবং ক্রীড়াবিদদের আরও সুযোগ করে দিতে এই প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে বলে উদ্যোক্তারা জানিয়েছেন।

ওড়িশার উদীয়মান স্প্রিন্টার অনিমেশ কুজুর, আন্তর্জাতিক মানের জাম্পার তামিলনাড়ুর প্রবীণ চিত্রভেল পুরুষদের লং জাম্পে অংশ নেবেন।

oooooooooooooooooooooooooooooooooooooooooooooooooo